

তোমার কান্না  
বড্ড দেৱী হয়ে গেছে

আল্লাহর পথে ফিরে এসো  
তুমি আল্লাহর কাছে প্রত্যবর্তনের পূর্বেই

বিসমিল্লাহির রহমানির রাহিম

তোমার কান্না  
বড্ড দেবী হয়ে গেছে

“মৃত্যু”, এক শয়নকক্ষের দরজায় কড়া নাড়ল,

কে কড়া নাড়ছে, ঘুমন্ত ব্যক্তি চিৎকার করল।

আমি মৃত্যুর ফেরেশতা, আমাকে ভেতরে আসতে দাও

সংগে সংগে ব্যক্তিটি কাঁপা শুরু করল, যে রকম ভীষণ জ্বরে মানুষ ঘামতে থাকে।

হে মৃত্যুর ফেরেশতা অনুগ্রহ করে চলে যাও

আমি এখনও প্রস্তুত নই।

আমার পরিবার আমার উপর নির্ভরশীল আমাকে সুযোগ দাও, ফিরে গিয়ে ভুল সংশোধন করার।

মৃত্যুর ফিরিশতা আবার কড়া নাড়ল।

আমার প্রয়োজন তোমার জানের,

আমি নিজের ইচ্ছায় আসিনি।

লোকটি হতভম্ব, কান্না শুরু করে দিল।

হে ফিরিশতা, মরতে ভয় হচ্ছে আমার

আমি তোমাকে স্বর্ণদিব এবং তোমার দাস হয়ে থাকব।

আমাকে অন্ধকার কবরে পাঠিও না।

ফিরিশতা বললো আমাকে ভিতরে আসতে দাও,

দরজা খোল, বিছানা থেকে উঠো।

তুমি যদি এক সেকেন্ডের মধ্যে আমাকে আসতে না দাও,

আমি ভিতরে এসে পড়ব।

লোকটি ডান হাতে বন্দুক নিলো

ফেরেশতার কথা অমান্য করার প্রস্তুতি গ্রহন করলো।

আমি আমার বন্দুক তোমার মাথার দিকে তাক করবো

যদি তুমি ভেতরে ঢুকে পড়, আমি তোমাকে হত্যা করব।

এতক্ষণে ফিরিশতা রুমে ঢুকে পড়েছে।

ওহে তুমি তোমার নিয়তি মৃত্যুর জন্য প্রস্তুত হও।

হে ব্যক্তি, কেন তুমি মরনকে ভয় করছ

মৃত্যু তো আল্লাহর পরিকল্পনা অনুসারে ।  
হে ফিরিশতা, লজ্জায় আমি মাথা হেট করছি ।  
আল্লাহর নাম স্মরণ করার কোন সময় আমার ছিল না ।  
আল্লাহর নির্দেশ আমি কখনো পালন করি নি ।  
পাঁচ ওয়াক্ত নামাজ দিনে আমি কখনও আদায় করি নি ।  
এক রমজান এসেছে আর এক রমজান চলে গেছে  
আমার সময় হয়নি অনুশোচনা করার ।  
হজ্জ আমার উপর ফরজ হয়েছিল ।  
কিন্তু টাকা খরচ করে হজ্জ আমি করিনি ।  
সব ধরনের দান খয়রাত আমি উপেক্ষা করেছি  
বেশী বেশী সূদ খেয়েছি ।  
হে ফেরেশতা, আমি তোমায় মিনতি করি  
এক বছর বা দু' বছর আমাকে অবকাশ দাও ।  
কোরআনের আইন আমি মেনে চলবো ।  
আজ থেকেই আমি সালাত শুরু করব ।  
আমার সওম ও হজ্জ্ আমি পূর্ণ করব ।  
আমি আত্ম-দাঙ্গিকতা থেকে দূরে থাকবো ।  
আমি সূদ গ্রহন থেকে দূরে থাকবো  
এবং সমস্ত সম্পদ দান-খয়রাত করে দেবো ।  
মদ এবং অবৈধ নারীদের আমি ঘৃণা করবো  
আল্লাহর একত্ব আমি সত্য বলে প্রত্যায়ন করবো ।  
আমরা ফিরিশতাগন আল্লাহ যা চান তাই করি ।  
তাঁর নির্দেশের বাইরে আমরা যেতে পারি না ।  
মৃত্যু সকলের জন্য নির্ধারিত  
পিতা মাতা, মেয়ে এবং ছেলে ।  
আমি দুঃখিত, এই মুহূর্তই তোমার শেষ সময়  
এখন নিজের অতীতকে স্মরণ করো ।  
আমি বুঝতে পারছি তোমার ভয়ের কারণ  
কিন্তু, এখন বড্ড দেরী হয়ে গেছে তোমার কান্নার

পিতা মাতাকে তুমি মান্য করনি ।  
ক্ষুধার্ত ভিক্ষুককে তুমি তাড়িয়ে দিয়েছো ।  
তোমার মেয়ে দু'টো  
নাইট ক্লাবে গান গায় ।

অসুদপায়ে জীবিকা অর্জনের জন্য সন্তানদের তুমি মুসলিম করার পরিবর্তে

অধিক অমুসলিম বানিয়েছো ।  
তুমি আযান উপেক্ষা করেছো,  
তুমি কোরআন তেলাওয়াত করো নি ।  
সারা জীবন ওয়াদা খেলাফ করেছো,  
বন্ধুদের পশ্চাত নিন্দা করেছো, শত্রুতামি করে ।  
জিনিসপত্র গুদামজাত করে তুমি মুনাফা করেছো  
গরীব মজুরদের কম পারিশ্রমিক দিয়েছো ।

অবকাশে তোমার নেশা ছিল ঘোড় দৌড় ও পাশাখেলা

টাকা বানাতেই তুমি আনন্দ পেতে  
অনেক খেয়ে খেয়ে তুমি মোটা হয়েছিলে ।  
অসুস্থদের প্রতি তোমার কোন ছিল না নজর ।  
এক ফোটা রক্ত ও তুমি দান করো নি,  
যা একটি শিশুকে বাঁচাতে পারতো ।  
হে মানুষ তুমি অনেক অন্যায় করেছো  
একটা গানের জন্যে অনেক সম্পদ উজার করেছো ।  
কৃষকরা যখন তোমাকে আবেদন করেছে  
তুমি তাদেরকে দয়া প্রদর্শন করনি, এটাই সত্য ।  
এখন অনুশোচনা করার আর সময় নেই তোমার জন্য  
আমি তোমার আত্মা নিয়ে যাব, সে জন্য আমাকে পাঠানো হয়েছে ।